**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার যে নীতিমালা নিয়ে কাজ করছে তা আগামী এক হাজার বছরের ভবিষ্যৎকে রূপ দেবে।**

**(২) জনকল্যাণে বিভিন্ন কর্মসূচি রূপায়ণে অভূতপূর্ব সাফল্যের জন্য রাজ্যের গোমতি ও ধলাই জেলাকে পুরস্কৃত করা হয়েছে।**

**(৩) আজ ঐতিহ্যবাহী গড়িয়া পূজা। বাবা গড়িয়া পূজাকে কেন্দ্র করে রাজ্যের সর্বত্র ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয় ।**

**(৪) সাংসদ বিপ্লব কুমার দেব রাজ্যে জাতীয় সড়কের পরিকাঠামো সম্প্রসারণের জন্য কেন্দ্রীয় সড়ক পরিবহন এবং মহাসড়ক মন্ত্রী নীতিন গড়কড়ির কাছে অনুরোধ জানান।**

**************************************

**Civil Services Day-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে তাঁর সরকার যে নীতিমালা নিয়ে কাজ করছে তা আগামী এক হাজার বছরের ভবিষ্যৎকে রূপ দেবে। শ্রী মোদী সকলকে এই অভিন্ন দৃষ্টিভঙ্গির জন্য প্রতিদিন এবং প্রতিটি মুহূর্তে অক্লান্ত পরিশ্রম করার আহ্বান জানিয়েছেন। আজ নতুনদিল্লিতে সপ্তদশ সিভিল সার্ভিস দিবস উপলক্ষে সরকারি কর্মচারীদের উদ্দেশ্যে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, গত ১০ থেকে ১১ বছরের সাফল্য একটি উন্নত ভারতের জন্য একটি শক্তিশালী ভিত্তি তৈরি করেছে। তিনি একটি উন্নত জাতির লক্ষ্য অর্জনে সম্মিলিত প্রচেষ্টা এবং দৃঢ় সংকল্পের গুরুত্বের উপরও জোর দিয়েছেন। শ্রী মোদী বলেন যে গত দশ বছরে, ভারত ক্রমবর্ধমান পরিবর্তনের বাইরে

গিয়ে প্রভাবশালী রূপান্তর প্রত্যক্ষ করেছে। প্রধানমন্ত্রী হলিস্টিক ডেভেলপমেন্ট-এর মূল উদ্দেশ্য নিয়েও বিস্তারিত উল্লেখ করেন।

########Byte-PM########

সরকারি কর্মকর্তাদের সক্ষমতা বাড়ানোর গুরুত্বের ওপর জোর দিয়ে তিনি মিশন কর্মযোগী এবং সিভিল সার্ভিস সক্ষমতা বৃদ্ধি কর্মসূচির তাৎপর্য তুলে ধরেছেন। প্রধানমন্ত্রী সরকারি কর্মচারীদের প্রতি আবেদন করেন যেন তারা নিজেদের কেবল প্রশাসক হিসাবেই না দেখেন, বরং একটি উন্নত ভারতের স্থপতি হিসেবে তাদের দায়িত্ব নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে পালন করেন।

তিনি বলেন যে, প্রশাসনের মান নির্ধারিত হয় কত গভীরভাবে প্রকল্পগুলি জনগণের কাছে পৌঁছোয় এবং সেগুলির প্রকৃত প্রভাব কতটা তার ওপর। শ্রী মোদী এই দ্রুত পরিবর্তনশীল সময়ে বিশ্বব্যাপী চ্যালেঞ্জগুলির উপর নিবিড় নজর রাখার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

******************************

**Gomoti Award :**

নতুন দিল্লিতে সিভিল সার্ভিসেস দিবস অনুষ্ঠানে রাজ্যের গোমতি ও ধলাই জেলাকে পুরস্কৃত করা হয়। মিশন ইন্দ্রধনুষ, পি এম আবাস সহ জনসেবামূলক প্রকল্প বাস্তবায়নে উল্লেখযোগ্য সাফল্যের জন্য পুরস্কৃত হয়েছে গোমতি জেলা। আজ নয়াদিল্লীর বিজ্ঞান ভবনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হাত থেকে পুরস্কার গ্রহণ করেন গোমতী জেলার জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা।

#######Byte-Gomoti Award########

**********************************

**Dhalai Award :**

সুশাসন, উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন এবং জনকল্যাণমূলক কাজের ক্ষেত্রে বিশেষ অবদান স্বরূপ ধলাই জেলার গঙ্গানগর ব্লককেও আজ পুরস্কৃত করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর হাত থেকে পুরস্কার গ্রহণ করেন ধলাই

জেলার জেলা শাসক সাজু ওয়াহিদ এ। মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা বলেন, এই সম্মান ত্রিপুরার জন্য গর্বের বিষয়। এটি রাজ্যের প্রশাসনিক দক্ষতার প্রতিফলন। এই সম্মাননা আগামী দিনে ত্রিপুরার অন্যান্য জেলাগুলোকেও আরও ভালো কাজের অনুপ্রেরণা জোগাবে।

#######Byte-Dhalai Award#######

*********************************

**Civil Services Day-Amit Shah :**

আমাদের লোকসেবকরা দৃঢ় অঙ্গীকারের সাথে দায়িত্ব পালন করেছেন। আজ এক্সবার্তায় এই মন্তব্য করেছেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি লিখেছেন, “সিভিল সার্ভিসেস ডে-তে, আমাদের লোকসেবকদের শুভেচ্ছা জানাচ্ছি। পরিকল্পনা ও নীতি বাস্তবায়ন হোক বা সুশাসন প্রদান হোক, আমাদের লোকসেবকরা দৃঢ় অঙ্গীকারের সাথে দায়িত্ব পালন করেছেন। এই দিনটি জাতির সেবায় তাঁদের অঙ্গীকারকে আরও দৃঢ় করুক।”

*********************************

**Distribution :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় রাজ্যের পতিত জমিকে চাষাবাদের আওতায় নিয়ে আসার উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, কৃষি ও কৃষকদের কল্যাণে সরকারের প্রয়াস অব্যাহত রয়েছে। আজ কৈলাশহরের চন্ডীপুর ব্লক কার্যালয় প্রাঙ্গনে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর আয়োজিত কৃষি যন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি এপ্রসঙ্গে ভারত সরকারের পি,এম-কিষান, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, কিষান ক্রেডিট কার্ড এর কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে এখানে ৭৭ জন কৃষককে বিনামূল্যে কৃষি যন্ত্রপাতি প্রদান করা হয়। বক্তব্য রাখেন, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল, কৃষি উপ-অধিকর্তা সৌমেন নন্দী প্রমুখ।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Garia Puja :**

আজ ঐতিহ্যবাহী গড়িয়া পূজা। বাবা গড়িয়ার পূজাকে কেন্দ্র করে রাজ্যের সর্বত্র ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পরিলক্ষিত হয়। জনজাতি অধ্যুষিত এলাকা ছাড়াও বাবা গড়িয়া পূজা অনুষ্ঠিত হচ্ছে রাজধানী আগরতলা শহর ও শহরতলীতে। আগরতলার প্রভাত চন্দ্র রায় পূজা কমিটি, কেবিসি পূজা কমিটি, প্রগতি প্লে সেন্টারে পূজা কমিটির উদ্যোগে গড়িয়া পূজার আয়োজন করা হয়। আগরতলার কৃষ্ণনগরে নাজির পাড়া এলাকায় ঐতিহ্যবাহী গড়িয়া পূজা অনুষ্ঠিত হয়ে আসছে সেই রাজন্য আমল থেকেই। জাতি উপজাতির মিলন মেলা নাজির পাড়া গড়িয়া পূজায় আজ উপস্থিত ছিলেন বিধায়ক তথা মেয়র দীপক মজুমদার।

****************************

**Packge Story-Garia Puja :**

আজ রাজ্যের উপজাতি সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব গড়িয়া পূজা। তাঁদের বিশ্বাস, গড়িয়া দেবতার আশীর্বাদে ফসল ভালো হয়, পরিবারে

সুখ-সমৃদ্ধি আসে। গড়িয়া পূজা উপলক্ষে রাজ্যের উপজাতি অংশের মানুষ ঐতিহ্য মেনে বাবা গড়িয়ার আরাধনায় মেতে উঠেছেন। এই প্রসঙ্গে একটি প্রতিবেদন।

########VC#########

****************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব রাজ্যে জাতীয় সড়কের পরিকাঠামো সম্প্রসারণের বিষয়ে আজ নয়াদিল্লিতে কেন্দ্রীয় সড়ক পরিবহন এবং মহাসড়ক মন্ত্রী নীতিন গড়কড়ির সঙ্গে আলোচনা করেন। আলোচনাকালে শ্রী দেব ৮ নম্বর জাতীয় সড়কের চুরাইবাড়ি থেকে পানিটিলা অংশে দ্রুত সংস্কার করা উদয়পুরের ফুলকুমারী থেকে অমরপুর, রানীর বাজার ফায়ার সার্ভিস থেকে আগরতলা ISBT পর্যন্ত জাতীয় সড়ক ৪ লেনে উন্নীত করা, কমলপুর থেকে শান্তিরবাজার ভায়া আমবাসা-গন্ডাছড়া-অমরপুর রাস্তাটিকে জাতীয় সড়ক হিসেবে ঘোষণার জন্য অনুরোধ জানান।

********************************

**Under 15 Cricket :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেটের ছয়টি ম্যাচের মধ্যে আজ চারটি অনুষ্ঠিত হয়। বাকী ২টি ম্যাচ পরিত্যক্ত হয়েছে। কৈলাসহরের অনুষ্ঠিত খেলায় কমলপুর ৮ রানে লংতরাইভ্যালীকে, ধর্মনগরের মাঠে তেলিয়ামুড়া ৩৫ রানে কৈলাসহরকে, উদয়পুরের মাঠে মোহনপুর ১১ রানে সোনামুড়াকে এবং বিশালগড়ের মাঠে জিরানীয়া ৬ উইকেটে কাঞ্চনপুরকে পরাজিত করে।

**********************************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ এবং সিপাহীজেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সর্তকতা জারি করা হয়েছে। এছাড়া অন্যান্য সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************